03 SEP 2016

তারিখ ........

পৃষ্ঠা ........ কলাম ........

সংবাদ

# লক্ষ্মীপুর সরকারি কলেজে ২৫ শিক্ষকের পদ শূন্য

জেলা বার্তা পরিবেশক, লক্ষ্মীপুর

লক্ষ্মীপুর সরকারি কলেজে ৭১টি শিক্ষকের অনুমোদিত পদের মধ্যে ৪৬ জন শিক্ষক কর্মরত রয়েছেন। বাকি ২৫টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। কলেজে ১১টি বিষয়ে স্নাতক (সম্মান) ও আটটি বিষয়ে স্নাতকোত্তরও পড়ানো হয়। এছাড়াও তিনটি বিভাগে উচ্চমাধ্যমিক এবং তিনটি বিভাগে ডিগ্রি কোর্স পড়ানো হয়। কিন্তু শ্রেণিকক্ষ. শিক্ষক, আবাসনের অভাবে শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হচ্ছে। জানা যায়, জেলা সদর ছাড়াও প্রতিবেশী নোয়াখালী ও চাঁদপুর জেলা থেকে শিক্ষার্থীরা এসে এই কলেজে লেখাপড়া করছেন। ১০ হাজার শিক্ষার্থীর বিপরীতে এই কলেজে মাত্র একটি ছাত্রাবাস। তাও আবার ২০ ও ৩০ আসন বিশিষ্ট ছাত্রাবাস। তবে ছাত্রীদের জন্য ১০০ আসন বিশিষ্ট ছাত্রীনিবাস থাকলেও তার অবস্থা শোচনীয় হওয়ায় অনেক আসনই ফাঁকা। এসব বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে বারবার জানালেও কোনো সুফল মিলছে না বলে অভিযোগ করেছেন কর্তৃপক্ষ। এমতবস্থায় নিয়মিত শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে বেগ পেতে হচ্ছে বলেও জানা যায়। কলেজ সূত্রে জানা যায়, লক্ষ্মীপুর সরকারি কলেজ জেলা শহরের সমসেরাবাদ এলাকায় অবস্থিত। ১৯৬৪ সালের জুলাই মাসে ১০.৬৩ একর জমির ওপর মরহুম অধ্যক্ষ আবদুল জব্বারের হাত ধরেই কলেজটির প্রতিষ্ঠা হয়। ১৫০ জন শিক্ষার্থী, ১৪ জন শিক্ষক ও আটজন কর্মচারী নিয়ে যাত্রা শুরু করলেও দিনে দিনে কলেজটির পরিসর অনেক বেড়েছে। তবে শিক্ষক সংকট কিছুতেই পূরণ হচ্ছে না। মানবিক ও বাণিজ্য শাখায় উচ্চ মাধ্যমিক শ্রেণির মাধ্যমে কলেজে শিক্ষা কার্যক্রমের সূচনা। অধ্যক্ষ আবদুল জব্বার, শিক্ষক ও স্থানীয় শিক্ষানুরাগীদের সহযোগিতায় অল্প দিনেই কলেজটি ব্যাপক সফলতা অর্জন করে। এতে উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখা ও স্নাতক শ্রেণিতে বিএ, বিকম ও বিএসসি শাখার অনুমোদন হয়। ১৯৮০ সালের ১ মার্চ কলেজটি সরকারি হয়। ফলে অগ্রযাত্রার সফলতা আরও গতিশীল হয়ে বর্তমানে প্রতিষ্ঠানে স্নাতক (অনার্স) ও স্নাতকোত্তর (মাস্টার্স) কোর্স চালু হয়েছে। এই প্রতিষ্ঠানে ১৯৯৫ সালে প্রথম স্নাতক কোর্স চালু হয়। রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, বাংলা, ইংরেজি, ইসলামি শিক্ষা, অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতসহ ১১টি বিষয়ে স্নাতক পড়ানো হয়।২০০৫ সাল থেকে কলেজে (স্নাতকোত্তর) মাস্টার্স কোর্স চালু হয়। রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান. ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, অর্থনীতি, ইসলামি শিক্ষা ও গণিতসহ মোট আটটি বিষয়ে স্নাতকোত্তর পড়ানো হয়। পাশাপাশি তিনটি বিভাগে উচ্চ মাধ্যমিক এবং তিনটি বিভাগে ডিগ্রি কোর্স পড়ানো হয় কলেজটিতে। লক্ষ্মীপুর সরকারি কলেজে প্রায় ১০ হাজার শিক্ষার্থী লেখাপড়া করছে। কলেজের শিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে কথা বলে জানা যায়, কলেজে তিনটি তিনতলা ও একটি চারতলা একাডেমিক ভবন রয়েছে। ভবনগুলোতে ছোট বড় প্রায় ৬০টি কক্ষ রয়েছে। তবে পাঁচতলা আরেকটি ভবন নির্মাণাধীন। এছাড়া শিক্ষার্থীদের জন্য রয়েছে একটি গ্রন্থাগার। প্রত্যেকটি স্নাতক কোর্স বিষয়ে শিক্ষার্থীদের জন্য সেমিনার কক্ষ রয়েছে। কলেজের সৌন্দর্য বাড়াতে রয়েছে বড় মাঠ। পাশাপাশি প্রতিষ্ঠানে রয়েছে বিএনসিসি, রোভার স্কাউট, গার্লস-ইন-রেঞ্জার ও ঐতিহ্যবাহী রেড ক্রিসেন্ট ইউনিট। এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ সোলায়মান বলেন, শিক্ষার্থীদের পাঠদানে আমাদের শিক্ষকরা যথেষ্ট আন্তরিক। তবে বেশ কয়েকটি বিভাগে শিক্ষক সংকট থাকায় পাঠদান কিছুটা ব্যাহত হয়। পাশাপাশি শ্রেণিকক্ষ সংকটও রয়েছে।